

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.৭৭.২০০৪(১)- ৯৩

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিষয় : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব সাগর আহমেদ শাহীন এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব সাগর আহমেদ শাহীন লালবাগ থানার মামলা নং-০৩, তারিখ-১৮/১১/২০২৫ খ্রি. (জি আর মামলা নং ১৪৭/২৫), ধারা- The Explosive Substances Act, 1908 এর ৪/৬ ধারার এজাহারভুক্ত আসামী হিসেবে পুলিশ কর্তৃক ধৃত হয়ে গত ০২/১২/২০২৫ খ্রি. তারিখ হতে হাজতবাস করায় এবং গত ৩০/১২/২০২৫ খ্রি. তারিখ হতে ২৯/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত দায়িত্ব পালনে বিরত/অনুপস্থিত থেকে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন), ২০০৯ এর বিধি ১৭(৫) লংঘন করায় ও তা একই বিধিমালার ১১(১) বিধি অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে তার কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার নামে এ বিভাগ হতে গত ১৩/১১/২০১২ খ্রি. তারিখে বিচার ৭/২ এন ৭৭/২০০৪-৭৬৯ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধিমোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব জনাব সাগর আহমেদ শাহীন এর নিকট হতে বাল্য বিবাহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

প্রাপক

জনাব সাগর আহমেদ শাহীন
পিতা-মাও.মোঃ ইউনুছ ফারুকী
১০৭, নিউ ইন্সটন রোড, থানা-রমনা, ঢাকা।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.৭৭.২০০৪(১)- ৯৩(১৩)

স্বাঃ
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৪. ডেপুটি কমিশনার, ঢাকা।
৫. প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৭. জেলা রেজিস্ট্রার, ঢাকা।
৮. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
১১. সাব-রেজিস্ট্রার, সদর, ঢাকা।
১২. অফিসার ইনচার্জ, রমনা, ঢাকা।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

স্বাঃ
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮